

যুগান্তর

নারায়ণগঞ্জ ও সাতক্ষীরায় হচ্ছে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

- বিশেষ প্রতিনিধি
- ০৪ সেপ্টেম্বর ২০২৩, ২০:২২:৩৫ | [অনলাইন সংস্করণ](#)



ছবি-পিআইডি

নারায়ণগঞ্জ ও সাতক্ষীরায় দুটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হবে। এ লক্ষ্যে দুটি আইনের খসড়ায় নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা।

আইন দুটি হচ্ছে- ‘জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নারায়ণগঞ্জ আইন-২০২৩’ ও ‘সাতক্ষীরা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন-২০২৩’।

সোমবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তার কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে আইন দুটির খসড়া অনুমোদন করা হয়।

মন্ত্রিসভার বৈঠক শেষে সচিবালয়ে এ বিষয়ে ব্রিফ করেন মন্ত্রিপরিষদ সচিব মাহবুব হোসেন।

জাতীয় শিক্ষক দিবসের পরিবর্তে পালিত হবে ‘বিশ্ব শিক্ষক দিবস’: জাতীয় শিক্ষক দিবসের পরিবর্তে প্রতি বছরের ৫ অক্টোবর ‘বিশ্ব শিক্ষক দিবস’ উদযাপন প্রস্তাবের অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা।

মন্ত্রিপরিষদ সচিব বলেন, শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে এ সংক্রান্ত একটি পরিপত্র ‘খ’ ক্রমিকে অন্তর্ভুক্তকরণের প্রস্তাব অনুমোদন হয়েছে মন্ত্রিসভার বৈঠকে।

তিনি জানান, শিক্ষকদের অবদানকে সুরণ করার জন্য ১৯৯৫ সাল থেকে প্রতি বছরের ৫ অক্টোবর বিশ্বব্যাপী বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়ে আসছে।

সরকারি প্রতিষ্ঠানে ইন্টার্ন করার সুযোগ রেখে নীতিমালা: প্রত্যেক বছর ইন্টার্ন করার সুযোগ দেবে সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। মেয়াদ হবে ৩ থেকে ৬ মাস। এজন্য নির্দিষ্ট হারে দেওয়া হবে ভাতা। এ সুযোগ রেখে ‘সরকারি প্রতিষ্ঠানে ইন্টার্নশিপ (ব্যবহারিক প্রশিক্ষণ) নীতিমালা-২০২৩’ এর খসড়ার অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা।

এ প্রসঙ্গে মন্ত্রিপরিষদ সচিব বলেন, ‘সরকারি প্রতিষ্ঠানে ইন্টার্নশিপ (ব্যবহারিক প্রশিক্ষণ) নীতিমালা-২০২৩’ এর খসড়ার অনুমোদন অনুমোদনের ফলে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের প্রতিষ্ঠান, বিভাগ, আধাসরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে প্রত্যেক বছর ইন্টার্ন করার সুযোগ থাকবে। সেটা সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা ডিপার্টমেন্ট ঠিক করবে। সেখানে যারা ইন্টার্ন করবে তাদের একটা ভাতাও দেওয়া হবে।

প্রধানমন্ত্রী নির্দেশনা দিয়েছেন এই নীতিমালাটা শুধুমাত্র সরকারি প্রতিষ্ঠান নয়, সব বেসরকারি এবং শিল্প প্রতিষ্ঠানে যেন এ সুযোগ থাকে বলে জানান মন্ত্রিপরিষদ সচিব।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](http://www.jugantor.com) © 2023

